উচ্চ আদালতের আদেশ অগ্রাহ্য; মেহেরপুরের পারিবারিক আদালতের বিচারককে তলব

উচ্চ আদালতের আদেশ অগ্রাহ্য করে আসামির বিরুদ্ধে গ্রেফতার পরোয়ানার অভিযোগে মেহেরপুরের সিনিয়র সহকারী জজ ও পারিবারিক আদালতের বিচারক মেহেদী হাসান মোবারক মুনিমকে সশরীরে হাজির হয়ে লিখিত ব্যাখ্যা দিতে বলেছেন আদালত।

গত ২০ জুলাই বিচারপতি এসএম কুদ্দুস জামানের একক হাইকোর্ট বেঞ্চ এ আদেশ দেন। আদেশের সূত্র ধরে গত ২২ জুলাই হাইকোর্ট বেঞ্চের ৭৯৪ নম্বর স্মারকে বিচারককে সশরীরে তলবের আদেশ পাঠানো হয়েছে। সোমবার (২৮ জুলাই) আদেশের কপি ডাকযোগে আদালতে এসে পৌঁছেছে।

এদিকে, তলবের আদেশের চিঠি পেয়ে মঙ্গলবার দুপুরে মামলা রিকল করে গ্রেফতারি পরোয়ানার আদেশ বাতিল করেছেন বলে বিবাদী আবু নাহিদ নিশ্চিত করেছেন।

উচ্চ আদালতের চিঠি সূত্রে জানা গেছে, ফ্যামিলি পিটিশন নম্বর ১৩/২০২২ এর আওতায় হাইকোর্ট গত ২৬ জুন একটি স্থগিতাদেশ জারি করে, যাতে বলা হয়, বিবাদী ৫ লাখ টাকা ছয় মাসে পরিশোধ করবেন, ততদিন মামলার কার্যক্রম স্থগিত থাকবে। কিন্তু এ স্থগিতাদেশ থাকা সত্ত্বেও গত ৭ জুলাই মেহেরপুর সদর উপজেলা পারিবারিক আদালতের বিচারক এবং সিনিয়র সহকারী জজ মেহেদী হাসান মোবারক মুনিম বিবাদী আবু নাহিদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। বিষয়টি উচ্চ আদালতের মর্যাদা ও ন্যায়বিচার প্রক্রিয়াকে প্রশ্নের মুখে ফেলে।

রিটকারী পক্ষের আইনজীবী মো. শাহিদুর রেজা বিষয়টি উচ্চ আদালতের নজরে আনলে আদালত ক্ষোভ প্রকাশ করে বলেন, ‘উচ্চ আদালতের আদেশ অগ্রাহ্য করে কোন যুক্তিতে এমন সিদ্ধান্ত নিতে পারেন একজন বিচারক?’ এ ঘটনায় উচ্চ আদালতের আদেশের সরাসরি অবজ্ঞা আখ্যা দিয়ে বিচারপতি এসএম কুদ্দুস জামানের একক বেঞ্চ সিনিয়র সহকারী জজ মেহেদী হাসান মোবারক মুনিমকে আগামী ১০ আগস্ট সকাল ১০টা ৩০ মিনিটে সশরীরে হাজির হয়ে লিখিত ব্যাখ্যা দিতে নির্দেশ দেন। একই সঙ্গে গ্রেপ্তারি পরোয়ানাটি তাৎক্ষণিকভাবে বাতিলেরও নির্দেশনা

দেওয়া হয়।

রিটকারী পক্ষের আইনজীবী মো. শাহিদুর রেজা বলেন, আমার মক্কেলের বিরুদ্ধে পারিবারিক আদালতে এক আদেশে ১৫ লাখ টাকা পরিশোধের রায় হয়েছিল। আমরা হাইকোর্টে রিভিশন আবেদন করলে বিচারপতি ওই জরিমানা কমিয়ে ৫ লাখ টাকা নির্ধারণ করেন এবং সে অর্থ পরিশোধের জন্য ৬ মাস সময় দিয়ে মামলার কার্যক্রম সাময়িকভাবে স্থগিত করেন। অথচ উচ্চ আদালতের এ আদেশ উপেক্ষা করে মেহেরপুরের পারিবারিক আদালতের বিচারক মো. মেহেদী হাসান মোবারক মুনিম বেআইনিভাবে আমার মক্কেলের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন।

তিনি আরও বলেন, পরবর্তীতে বিষয়টি আমরা হাইকোর্টের নজরে আনলে আদালত এতে উষ্মা প্রকাশ করেন এবং বিচারককে ১০ আগস্ট সশরীরে হাজির হয়ে লিখিত ব্যাখ্যা দিতে নির্দেশ দেন। একই সঙ্গে হাইকোর্ট থেকে স্পষ্ট নির্দেশনা থাকলেও এখন পর্যন্ত সেই গ্রেপ্তারি পরোয়ানা রিকল করা হয়নি। এতে আমাদের মনে হচ্ছে, নিম্ন আদালতের বিচারক উদ্দেশ্যপ্রণোদিতভাবে আমার মক্কেলকে হয়রানি করছেন।

গাংনীতে সীমান্ত দিয়ে ১৮ বাংলাদেশিকে ঠেলে দিল বিএসএফ

মেহেরপুরের গাংনী উপজেলার বিভিন্ন সীমান্ত দিয়ে ৭ জন নারীসহ ১৮ জনকে পুশইন করেছে ভারতীয় সীমান্তরক্ষী বাহিনী (বিএসএফ)।

আজ মঙ্গলবার (২৯ জুলাই) দুপুর থেকে বিকাল পর্যন্ত গাংনী উপজেলার কাজিপুর সীমান্ত দিয়ে ৯ জন, সহড়াতলা সীমান্ত দিয়ে ৩ জন ও দৌলতপুর উপজেলার মথুরাপুর সীমান্ত দিয়ে ৬ জনকে পুশইন করা হয়েছে।

কুষ্টিয়া ৪৭ বিজিবি’র দায়িত্বপূর্ণ কাজিপুর কোম্পানি কমান্ডার সুবেদার হাবিবুর রহমান এই তথ্য নিশ্চিত করেছেন। তিনি জানান, কাজিপুর আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৪৫/৪-এস এবং ১৪৬ এর মাঝখান দিয়ে তাদের পুশ-ইন করা হয়।

তিনি আরও জানান, বাংলাদেশের এসব নারী-পুরুষ বিভিন্ন সময়ে ভারতে গিয়ে পুলিশের হাতে গ্রেপ্তার হয়ে বিভিন্ন কারাগারে ছিলেন। তাদের সাজা শেষ হওয়ার পর ভারতীয় বিএসএফ বাহিনী সীমান্তের ওপারে জড়ো করে সুযোগ বুঝে বাংলাদেশের অভ্যন্তরে ঠেলে দিয়েছে। তবে, পুশ-ইন হওয়া এসব ব্যক্তি বাংলাদেশের নাগরিক কিনা তা যাচাই-বাছাই করা হচ্ছে।

এরা হলেন, নড়াইল জেলার কালিয়া উপজেলার কাঞ্চনপুর গ্রামের রাজা শেখের ছেলে মহসিন শেখ (৩১), একই উপজেলার কাঠাধুড়ো গ্রামের টুটুল মোল্লার মেয়ে সাথি বেগম (২৪), নারায়ণগঞ্জ জেলার গাউছিয়া উপজেলার সাত্তার মিয়ার মেয়ে তানিয়া খাতুন, যশোর জেলার অভয়নগর উপজেলার ইদিয়া গ্রামের ইলিয়াছ শেখের ছেলে তুহিন শেখ, খুলনা জেলার তেরখাদা উপজেলার ইখরি গ্রামের ইদ্রিস মোল্লার মেয়ে ময়না বেগম, ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গি উপজেলার রতনদিঘী গ্রামের ইছাহাক আলীর মেয়ে ফাতেমা বেগম, একই জেলার রানীশংকৈল উপজেলার বলনচা গ্রামের আকবর আলীর ছেলে সোহেল রানা, নড়াইল জেলার কালিয়া উপজেলার মাধবপাশা গ্রামের সিদ্দিক শেখের ছেলে বরকত শেখ, ঠাকুরগাঁও জেলার বালিয়াডাঙ্গি উপজেলার উজিরমনি গ্রামের ইদ্রিস আলীর ছেলে ইকরামুল হোসেন, চচপাড়া গ্রামের আব্দুল কাদেরের ছেলে হাসিবুল ইসলাম, কাচকালি গ্রামের হামিদের ছেলে জাকির আলী, বারিশা গ্রামের সোবহানের ছেলে শাহ আলম, কাশিপুর গ্রামের ছলিমুদ্দীনের ছেলে আব্দুল কাদের, কেরবাড়ি গ্রামের ইব্রাহিমের ছেলে উসিরুল ইসলাম, নড়াইল জেলার বিষ্ণুপুর গ্রামের হাসমত খানের স্ত্রী লতা শেখ, বিষ্ণুপুর গ্রামের হাসু মোল্লার ছেলে রমজান মোল্লা, মেয়ে আফরোজা কানন, ছেলে রমজান মোল্লা এবং রমজান মোল্লার স্ত্রী স্মৃতি বেগম।

বিজিবির পক্ষ থেকে বিকেলে প্রেস বিজ্ঞপ্তি দিয়ে জানানো হয়, কুষ্টিয়া ব্যাটালিয়নের (৪৭ বিজিবি) মথুরাপুর বিওপিতে কর্মরত হাবিলদার রবিউল ইসলামের নেতৃত্বে একটি টহল দল আজ বেলা সাড়ে ১২টার দিকে সীমান্ত মেইন পিলার ১৪১ হতে ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মথুরাপুর বাঁশবাগান এলাকা থেকে ৬ জনকে, শেওড়াতলা বিওপির টহল কমান্ডার হাবিলদার রফিকের নেতৃত্বে একটি টিম আন্তর্জাতিক সীমান্ত পিলারের নিকট থেকে ৩ জন এবং কাজিপুর বিওপির টহল দল সুবেদার হাবিবুর রহমানের নেতৃত্বে আন্তর্জাতিক সীমান্ত পিলার ১৪৫ ও ১৪৬ এর মাঝখান থেকে ৯ জনকে আটক করেন।

এ নিয়ে বিএসএফকে প্রতিবাদ জানিয়ে চিঠি দেওয়া হয়েছে। তবে এখনও

তাদের পক্ষ থেকে কোনো সাড়া পাওয়া যায়নি। সাড়া পাওয়া গেলে নো ম্যানস ল্যান্ডে পতাকা বৈঠক করা হবে।

মুজিবনগরে মাইলস্টোন ট্রাজেডিতে নিহত মাহিয়ার দাফন সম্পন্ন

মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের জয়পুর গ্রামে নানা বাড়িতে চিরনিদ্রায় শায়িত হলেন, মাইলস্টোন ট্রাজিডিতে নিহত মাহিয়া।

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের বিমান বিধ্বস্তে নিহত মাহিয়া তাসনিমের লাশ দাফন সম্পন্ন হয়েছে। নিহত মাহিয়া তাসনিম চুয়াডাঙ্গার কুড়াল গাছি গ্রামের মৃত ইজ্ঞিনিয়ার মোহম্মদ আলীর মেয়ে এবং মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের নজরুল ইসলামের নাতনী। ৫ বছর আগে বিদেশে মাহিয়ার বাবা মারা যান।

আজ শুক্রবার সকাল সাড়ে ৮টার সময় নানা বাড়ি মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামের কবরস্থানে তাকে দাফন করা হয়।

সকাল ৮ টায় জয়পুর কবরস্থান ময়দানে জানাজা অনুষ্ঠিত হয়। জানাজায় মেহেরপুর অতিরিক্ত জেলা প্রশাসক তরিকুল ইসলাম, মুজিবনগর উপজেলা নির্বাহী কর্মকর্তা পলাশ মন্ডল, মুজিবনগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজনুর রহমান সহ এলাকার গণ্যমান্য ব্যক্তিরা এবং শত শত মানুষ অংশগ্রহণ করে।

নিহতের পরিবার সূত্রে জানা গেছে, গত মঙ্গলবার সকালে মাহিয়া তাসনিম স্কুল গিয়ে তিনি মর্মান্তিক দুর্ঘটনার শিকার হন। মাহিয়া মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের শিক্ষার্থী। গুরুতর আহত হয়ে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের আইসিইউতে চিকিৎসাধীন অবস্থায় গতকাল বৃহস্পতিবার বিকাল ৪টায় মারা যায়।

গতকাল বৃহস্পতিবার রাত্রেই তার মরদেহ নেওয়া হয় নিজ গ্রামের বাড়ি

চুয়াডাঙ্গা জেলার কুড়ালগাছী গ্রামে।

আজ শুক্রবার সকালে তার মরদেহ নেওয়া হয় মেহেরপুরের মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে তার নানার বাড়িতে। গ্রামে লাশ পৌঁছানোর পর শত শত মানুষ তাকে একনজর দেখতে ভিড় করে।

মর্মান্তিক এই দুর্ঘটনায় পুরো এলাকায় শোকের ছায়া নেমে আসে। কান্নায় ভারী হয়ে ওঠে পরিবেশ। স্বজনদের চোখে অশ্রু আর মুখে বিষাদের ছাপ।

মৃত্যুর সাথে পাঞ্জা লড়ে হেরে গেলেন কুড়ালগাছির মায়া

ঢাকা উত্তরা দিয়াবাড়ি মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় তিনদিন মৃত্যর সাথে পান্জা লড়ে হেরে গেলেন কুড়ালগাছির মায়া।

গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে জাতীয় বার্ন ও প্লাস্টিক সার্জারি ইনস্টিটিউটের নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) চিকিৎসাধীন অবস্থায় মারা যায় ৮ম শ্রেনীর ছাত্রী মাহিয়া তাসনিম ওরফে মায়া (১৩)।

মায়া দর্শনা থানার কুড়ালগাছি ইউনিয়নের মৃত ইন্জিনিয়ার মোহাম্মদ আলীর মেজো মেয়ে। মৃত মায়ার পরিবারের সাথে ঢাকা উত্তরা ১৮ নং এ বসবাস করত।

গত মঙ্গলবার দুপুর ১ টা১০ মিনিটের দিকে প্রশিক্ষণ বিমান এসে মাইলস্টোন স্কুলের উপর এসে পড়লে মূহুর্তের মধ্যে আগুন ধরে সারা শরীল ঝলসে যায়।

তিনদিন চিকিৎসা শেষে গতকাল বৃহস্পতিবার বিকাল সাড়ে ৪ টার দিকে তার করুণ মৃত্য হয়। মাহিয়া তাসনিম ওরফে মায়ার জনাযা অনুষ্টিত হবে আজ শুক্রবার সকাল ৮ টার দিকে মেহেরপুর জেলার মুজিবনগর উপজেলার জয়পুর গ্রামে।

নাটোরে ট্রাক-মাইক্রোবাস সংঘর্ষে মেহেরপুরের মা-মেয়ে নিহত

নাটোরের বড়াইগ্রামে সিমেন্টবোঝাই ট্রাক ও যাত্রীবাহী মাইক্রোবাসের মুখোমুখি সংঘর্ষে ছয় জন নিহত হয়েছেন। নিহতদের মধ্যে রয়েছেন মেহেরপুর জেলার গাংনী উপজেলার দুই নারী ভোলারদাড় গ্রামের সিমা খাতুন (২২) এবং তার মা আনজুমান আরা (৪৫), যিনি বেতবাড়িয়া গ্রামের বাসিন্দা।

মর্মান্তিক এই দুর্ঘটনাটি ঘটে আজ বুধবার (২৩ জুলাই) সকালে, বড়াইগ্রাম উপজেলার তরমুজ পাম্প এলাকায়, বনপাড়া-হাটিকুমরুল মহাসড়কে।
জানা গেছে, মেহেরপুর থেকে ঢাকাগামী মাইক্রোবাসটি সিরাজগঞ্জ হয়ে রাজধানীর দিকে যাচ্ছিল। পথে বিপরীত দিক থেকে আসা সিমেন্টবোঝাই একটি ট্রাকের সাথে মুখোমুখি সংঘর্ষ হলে মাইক্রোবাসটি দুমড়ে- মুচড়ে যায়।

আনজুমানআরা ও সিমা খাতুন যাচ্ছিলেন সিরাজগঞ্জে, অসুস্থ নাতিকে দেখতে। পারিবারিক সূত্রে জানা গেছে, সিমার সন্তান বেশ কিছুদিন ধরে অসুস্থ, তাকে দেখতে ও খোঁজখবর নিতে যাচ্ছিলেন মা ও মেয়ে। কিন্তু পথেই ঘটে যায় ভয়াবহ দুর্ঘটনা, আর তাতে শেষ হয়ে যায় দুই নারীর জীবন-ভ্রমণ।

প্রত্যক্ষদর্শী ও পুলিশ সূত্রে জানা গেছে, সংঘর্ষের পর ঘটনাস্থলেই পাঁচজন নিহত হন। গুরুতর আহত দুজনকে বড়াইগ্রাম উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হলে, সেখানে আরও একজনের মৃত্যু হয়। অপর আহত ব্যক্তিকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এই মর্মান্তিক ঘটনায় গাংনীর ভোলারদাড় ও বেতবাড়িয়া গ্রামে নেমে এসেছে শোকের ছায়া।
পরিবারের সদস্যরা জানান, “সিমা সদ্য বিবাহিত ছিল। তার ছোট্ট

সন্তান অসুস্থ। সেই সন্তানকে দেখতে যাওয়া পথেই ঘটে গেল চিরদিনের বিচ্ছেদ।”

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য দর্শনায় পৌর বিএনপি’র দোয়া মাহফিল

দর্শনা পৌর বিএনপি’র আয়োজনে ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মমার্ন্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফেরাত ও আহত সকলের সুস্থ্যতা কামনায় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গতকাল বুধবার সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে দর্শনা পুরাতন বাজার পৌর বিএনপি’র অস্থায়ী কাযার্লয়ে এ দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

দর্শনা পুরাতন বাজার জামে মসজিদেরে পেশ ঈমাম নুরুল ইসলাম এ দোয়া ও মিলাদ মাহফিল পরিচালনা করেন। এসময় দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক ও সাবেক পৌর বিএনপি’র সিনিয়ার সহ-সভাপতি হাবিবুর রহমান বুলেট।

এছাড়া চুয়াডাঙ্গা জেলা শ্রমিক দলের সাধারণ সম্পাদক শফিকুল ইসলাম সাবু তরফদার, দর্শনা পৌর বিএনপি’র প্রধান সমন্বয়ক কমিটির সদস্য নাহারুল ইসলাম, সমন্বয়ক কমিটির সদস্য সাংবাদিক শরীফ উদ্দিন, বিএনপি নেতা সরোয়ার হোসেন, আব্দুর রাজ্জাক, সাবেক ছাত্র নেতা ফারুক হোসেনসহ ছাত্রদল, যুবদল, স্বেচ্ছাসেবক ও কৃষকদলের নেতা কর্মীরা দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠানে উপস্থিত ছিলেন।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য দামুড়হুদায় বিএনপি’র দোয়া মাহফিল

ঢাকা উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহতদের আত্মার মাগফিরাত ও আহত সকলের সুস্থতা কামনায় দামুড়হুদা উপজেলা বিএনপি’র আয়োজনে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বাদ আছর দামুড়হুদা ডিএস দাখিল মাদ্রাসায় এই দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়।

এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু, সহ-সভাপতি আব্দুল ওয়াহেদ, যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাংগঠনিক সম্পাদক প্রফেসর আবুল হাশেম।

আরো উপস্থিত ছিলেন, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রহিম, সাধারণ সম্পাদক আনছার আলী, জুড়ানপুর ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক রুহুল আমিন, নতিপোতা ইউনিয়ন বিএনপি’র সভাপতি মাসুদ রানা, সাধারণ সম্পাদক জাহাঙ্গীর আলম, নাটুদহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল আলম, সাধারণ সম্পাদক ওসমান গনি, কার্পাসডাঙ্গা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শামসুল আলম, যুগ্ম-সাধারণ সম্পাদক জুলফিকার আলি ভুট্টু, হাউলী ইউনিয়ন বিএনপি’র সভাপতি ইউসুফ আলী, সাধারণ সম্পাদক নাফিজ আক্তারসহ বিভিন্ন ইউনিয়নের শত শত নেতাকর্মী।

দোয়া অনুষ্ঠান পরিচালনা করেন, ডিএস দাখিল মাদ্রাসা মসজিদের ইমাম সোয়ায়েব হুসাইন।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য মেহেরপুর জেলা বিএনপি’র দোয়া

ঢাকার উত্তরায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজের ওপর ঘটে যাওয়া মর্মান্তিক বিমান দুর্ঘটনায় নিহত শিক্ষার্থীদের রুহের মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিলে আয়োজন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার (২২ জুলাই) বিকেল ৫টায় মুখার্জি পাড়া জেলা বিএনপির কার্যালয়ে এই দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

দোয়া মাহফিলে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির আহ্বায়ক জাভেদ মাসুদ মিল্টন।
এ সময় আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসান, যুগ্ম আহ্বায়ক আমিরুল ইসলাম, ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপির সদস্য আনসারুল হক, ইলিয়াস হোসেন, আলমগীর খান সাতু, আবুল বাশার, ওমর ফারুক লিটন, রুমানা আহমেদ, জেলা জাসাসের সদস্য সচিব এ. বাকাবিল্লা এবং সাবেক সাংগঠনিক সম্পাদক কাজী মিজান মেমন।

দোয়া মাহফিলে মেহেরপুর জেলা বিএনপির নেতৃবৃন্দ, অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা অংশগ্রহণ করেন।

ঝিনাইদহে পাওনা আদায়ের জন্য আটকে রাখা চাতাল শ্রমিকের মৃত্যু

ঝিনাইদহে পাওনা টাকা আদায়ের জন্য নেছার আলী (৫৫) নামে আটকে রাখা এক চাতাল শ্রমিকের মৃত্যুর অভিযোগ পাওয়া গেছে। নিহত নেছার আলী যশোরের চৌগাছা উপজেলার কান্দি গ্রামের মৃত সোনা মন্ডলের ছেলে।

মঙ্গলবার (২২ জুলাই) সকালে ঝিনাইদহের ত্রিমোহনী বাজারে শরিফুলের চাতালে এই মৃত্যুর ঘটনা ঘটে। নিহতের স্বজন ও স্থানীয় সূত্রে জানা যায়, চাতাল শ্রমিক নেছার আলী ও তার দ্বিতীয় স্ত্রী দীর্ঘদিন শরিফুলের চাতালে কাজ করতো সেই সুবাদে নেছার আলী শরিফুলের নিকট থেকে ১ লাখ ৫০হাজার ধার নেই কিন্তু দীর্ঘদিন সেই টাকা পরিশোধ না করে এখান থেকে কাজ ছেড়ে চলে যায়। বেশ কিছুদিন খোজাখুজির পর গত ২১ জুলাই সোমাবার সকাল ১০টার দিকে কোটচাঁদপুরের তালেরসর বাজার থেকে নেছার এবং তার স্ত্রীকে ধরে নিয়ে আসে শরিফুল। ধরে আনার পর তাদের কে টাকা পরিশোধের জন্য চাপ দিতে থাকে এবং সেসময় মারাধর করার অভিযোগ পাওয়া গেছে।

পরে রাতে তাদের কে শরিফুলের ওই চাতালের বদ্ধ ঘরে আটকে রাখে। সকালে স্ত্রীকে অন্য জায়গায় রেখে নেছারের উপরে টাকা আদায়ের জন্য নির্যাতন করা হয় বলে তার স্ত্রী দাবি করেণ। কিছুক্ষন পরে নেছার অচেতন হয়ে পড়লে তাকে ঝিনাইদহ সদর হাসপাতালে চিকিৎসার জন্য নিয়ে এলে কর্তব্যরত চিকিৎসক জানায় এই রোগী হাসাপাতালে আনার আগেই মারা গেছে। নেছারের স্ত্রী এবং স্বজনদের দাবি নেছার আলী অতিরিক্ত মারধরের ফলে মারা গেছে।

এদিকে মিল মালিক শরিফুলের পক্ষ থেকে জানান, নেছার টাকা দিতে ব্যর্থ হওয়ায় ভয়ে আত্মহত্যা করেছে। আমারা তাকে কোন মারধর করেনি। দীর্ঘদিন টাকা নিয়ে পরিশোধ করেনা এজন্য আমরা তাকে ধরে এনেছিলাম টাকা আদায়ের জন্য। তবে কোন নির্যাতন করেনি। ভোক্তভোগী নেছারের বোন এবং স্বজনরা, নেছার গরিব মানুষ বলে ঘটনাটি ধামাচাপা না দিয়ে শুষ্ঠু তদন্ত করে দোষিদের প্রকৃত বিচারের দাবি জানান।

বিমান দুর্ঘটনায় নিহত-আহত শিক্ষার্থীদের জন্য মেহেরপুরে বিএনপির দোয়া মাহফিল

রাজধানীর উত্তরায় বাংলাদেশ বিমানবাহিনীর একটি প্রশিক্ষণ বিমান বিধ্বস্তের ঘটনায় মাইলস্টোন স্কুলের নিহত শিক্ষার্থীদের রুহের

মাগফিরাত এবং আহতদের দ্রুত সুস্থতা কামনায় দোয়া মাহফিলের আয়োজন করেছে মেহেরপুর জেলা বিএনপি।

মঙ্গলবার বিকেলে পৌর কমিউনিটি সেন্টারে এ দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিএনপির কেন্দ্রীয় নির্বাহী কমিটির সদস্য ও মেহেরপুর-১ আসনের সাবেক সংসদ সদস্য মাসুদ অরুন।

এ সময় তিনি বলেন, একটি নতুন বাংলাদেশ নির্মাণের স্বপ্ন এদেশের ১৮ কোটি মানুষ দেখেছিল। এই জুলাই মাসে বিজয় উৎসব এবং স্বৈরাচারীর পতনের এই দিনক্ষণ ঠিক করে আবার নতুন ধারায় বাংলাদেশ নির্মাণ, সমাজ নির্মাণের চেষ্টায় আছি। ঠিক সেই মুহূর্তে মাইলস্টোন স্কুলে বিমান দুর্ঘটনায় ছোট ছোট শিশুদের মৃত্যু আমাদের আবার ভাবিয়ে তুলেছে। এই বেদনা আমরা আর কতদিন সইবো? আমরা দিন বদলাতে চাই।

তিনি আরো বলেন, ৫৪ বছরের ইতিহাসে এই মাস স্বর্ণাক্ষরে লেখা থাকার কথা এবং লেখা থাকবে। গত বছর এই জুলাই-আগস্টে ছাত্র-জনতা রক্তে রঞ্জিত হয়ে আমরা স্বৈরাচারী সরকারকে বিদায় করেছিলাম। আমরা স্বপ্ন বুনেছিলাম একটা নতুন বাংলাদেশের।

দোয়া মাহফিলে আরও উপস্থিত ছিলেন জেলা বিএনপির যুগ্ম আহ্বায়ক জাহাঙ্গীর বিশ্বাস, সদর উপজেলা বিএনপির সাবেক সাধারণ সম্পাদক সাইফুল ইসলাম, জেলা যুবদলের সভাপতি জাহিদুল হক জাহিদ, জেলা ছাত্রদলের সভাপতি আকিব জাভেদ সেনজির, জেলা তাঁতিদলের সভাপতি আরজুল্লাহ মাস্টার বাবলু ও সাধারণ সম্পাদক মাহমুদুল হাসান জুয়েল, পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি প্রমুখ।

বিমান দুর্ঘটনায় নিহতদের জন্য মোনাজাত পরিচালনা করেন মেহেরপুর বোসপাড়ার বায়তুল ফালাহ জামে মসজিদের ইমাম মাওলানা সিরাজ উদ্দিন।